৮. বাংলাদেশে মর্যাদা অনুযায়ী ৩য় বীরত্বসূচক খেতাব- [৩৭তম বিসিএস/পিজিসিএল প্রশাসন : ২১]
ক. বীরশ্রেষ্ঠ খ. বীর উত্তম গ. বীর প্রতীক ঘ. বীর বিক্রম

০৮. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য নিচে উল্লেখিত কোন বিদেশি নাগরিককে 'বীর প্রতীক' উপাধি দেওয়া হয়েছে? [ঢাবি-খ, ২৩-২৪]
ক. ডাব্লিউ এ এস ওডারল্যান্ড খ. সায়মন ড্রিং গ. অ্যান্থনি ম্যাসকারেনহাস ঘ. জে এফ আর জ্যাকব

০৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মর্যাদা অনুসারে বীরত্বসূচক খেতাবের ক্ষেত্রে তৃতীয় খেতাব- [চাবি-B, ২৩-২৪]
ক. বীর প্রতীক খ. বীর বিক্রম গ. বীরশ্রেষ্ঠ ঘ. বীরউত্তম উত্তর:খ

১০. 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত সর্বকনিষ্ঠ মুক্তিযোদ্ধার নাম কী? [রাবি-A1, ২৩-২৪]
ক. আকবর হোসেন খ. শহীদুল ইসলাম গ. মোহাম্মদ শফিউল্লাহ ঘ. মাহবুব-উল-আলম

উত্তরপত্র	১. ঘ	২. ক	৩. ঘ	৪. ক	৫. খ	৬. খ	৭. ঘ	৮. ক	৯. খ	১০. খ

মুক্তিযুদ্ধে : সাত বীরশ্রেষ্ঠ [*****]

ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ

- বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহীদ ***(অপসনে না থাকলে মোস্তফা কামাল হবে)***
- **জন্ম:** ১৯৪৩ সালের ফরিদপুর জেলার সালামতপুর গ্রামে।
- **কর্মস্থল:** ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেলস)।
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ১ নং সেক্টর।
- **মৃত্যু:** ৮ এপ্রিল, ১৯৭১ সাল।
- **সমাধি:** রাঙ্গামাটির নানিয়ার চরে।

সিপাহী মোস্তফা কামাল

- **জন্ম:** ১৯৪৭ সালে ভোলা জেলার হাজিপুর গ্রামে।
- **কর্মস্থল:** সেনাবাহিনী।
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ২ নং সেক্টর।
- **মৃত্যু:** ১৮ এপ্রিল, ১৯৭১ সাল।
- **সমাধি-** ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার দরুইন গ্রামে।

সিপাহী হামিদুর রহমান

- তিনি সর্বকনিষ্ঠ শহীদ বীরশ্রেষ্ঠ।
- **জন্ম:** ১৯৫৩ সালে ঝিনাইদহ জেলার খালিশপুর গ্রামে।
- **কর্মস্থল:** সেনাবাহিনী
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ৪ নং সেক্টর।
- **মৃত্যু:** ২৮ অক্টোবর, ১৯৭১ সাল।
- **সমাধি:** মিরপুর বুদ্ধিজীবী কবরস্থান।

ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর

- **বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষ শহীদ হন।**
- **জন্ম:** ৭ মার্চ, ১৯৪৯ সালে বরিশাল জেলায়।
- **মৃত্যু:** ১৪ ডিসেম্বর, ১৯৭১
- **কর্মস্থল:** সেনাবাহিনী
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ৭নং সেক্টর
- **সমাধি:** চাঁপাইনবাবগঞ্জের ছোট সোনা মসজিদ প্রাঙ্গনে।

ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ

- **জন্ম:** ১৯৩৬ সালে নড়াইল জেলার মহিষখোলা গ্রামে।
- **কর্মস্থল:** ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেলস)।
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ৮ নং সেক্টর।
- **মৃত্যু:** ৫ সেপ্টেম্বর, ১৯৭১ সাল।
- **সমাধি:** যশোরের কাশিপুর নামক স্থানে।

স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রুহুল আমিন

- **জন্ম:** ১৯৩৫ সালে নোয়াখালী জেলার বাগপাদুরা গ্রামে।
- **কর্মস্থল:** নৌবাহিনী।
- **পদবি:** স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার বা ইঞ্জিনরুম আর্টিফিশার (গানবোট- পলাশ)
- **মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর:** ১০নং সেক্টর।
- **মৃত্যু:** ১০ ডিসেম্বর, ১৯৭১ সাল।
- **সমাধি:** বাগমারা, রূপসা নদীরপার, খুলনা।

ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান

- **জন্ম:** ১৯৪১ সালে ঢাকায় কিন্তু পৈতৃক বসতি নরসিংদী জেলায়।
- **কর্মস্থল:** বিমানবাহিনী।
- **সেক্টর:** মুক্তিযুদ্ধের সময় তিনি পাকিস্তানে কর্মরত ছিলেন।
- পাকিস্তান বিমান বাহিনীর একটি T-33 প্রশিক্ষণ বিমান, ছদ্ম নাম (Blue Bird) ছিনতাই করে নিয়ে দেশে ফেরার পথে বিমান দুর্ঘটনায় নিহত হন।
- **মৃত্যু:** ২০ আগস্ট, ১৯৭১ সাল।
- **সমাধি:** পাকিস্তানের করাচির মাশরুর ঘাঁটি থেকে তাঁর দেহাবশেষ এনে ২০০৬ সালে মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

গণপরিষদ ও সংবিধান

১৯৭১ সালের ২২ ডিসেম্বর স্বাধীন বাংলাদেশের সরকার কলকাতার ৮ নং থিয়েটার থেকে বাংলাদেশে আসে। অন্যদিকে শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি, ১৯৭২ সালে পাকিস্তান কারাগার থেকে মুক্তি পান অত:পর ব্রিটেন ও ভারত সফর শেষে ১০ জানুয়ারি দেশে প্রত্যাবর্তন করেন (প্রত্যাবর্তন দিবস)। ১১ জানুয়ারি রাষ্ট্রপতি হিসেবে "অস্থায়ী সাংবিধানিক আদেশ" জারি করেন। ১২ জানুয়ারি তিনি রাষ্ট্রপতির পদ ত্যাগ করে তাজউদ্দিন আহমেদকে সরিয়ে নিজে প্রধানমন্ত্রীত্ব গ্রহণ করেন। তাজউদ্দিন আহমেদ হন অর্থমন্ত্রী (১৯৭২-১৯৭৪)। আর নতুন রাষ্ট্রপতি হন আবু সাঈদ চৌধুরী। ১৯৭২ সালের ২৩ মার্চ রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরী "বাংলাদেশ গণপরিষদ আদেশ" জারি করেন। বাংলাদেশ গণপরিষদ হল বাংলাদেশের গণপ্রতিনিধিদের সমন্বয়ে অস্থায়ী সংসদ। এই গণপরিষদ ১৯৭১ সালের ২৬শে মার্চ থেকে ১৯৭৩ সাল পর্যন্ত অস্থায়ী সংসদ হিসেবে কার্যকরী ছিল। এই আদেশ বলে, ৭ ও ১৭ ডিসেম্বর, ১৯৭০ সালের নির্বাচনের জাতীয় এবং প্রাদেশিক পরিষদের নির্বাচিত ৪৬৯ জন (জাতীয় পরিষদে ১৬৯ জন আর প্রাদেশিক পরিষদে ৩০০ জন) এর মধ্যে ৪০৩ জন সদস্য নিয়ে গণপরিষদ গঠিত হয়।

তারিখ	সম্পাদিত কর্ম
১১ জানুয়ারি, ১৯৭২	অস্থায়ী সাংবিধানিক আদেশ জারি করেন শেখ মুজিবুর রহমান।
২৩ মার্চ, ১৯৭২	বাংলাদেশ গণপরিষদ আদেশ জারি করা।
১০ এপ্রিল, ১৯৭২	গণপরিষদের প্রথম অধিবেশন বসে।
১১ এপ্রিল, ১৯৭২	**সংবিধান প্রণয়ন কমিটি** সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে সভাপতি করে ৩৪ সদস্যের সংবিধান রচনা কমিটির গঠন করা হয়।
১৭ এপ্রিল, ১৯৭২	সংবিধান প্রণয়ন কমিটি প্রথম অধিবেশন সম্পন্ন করে।
১২ অক্টোবর, ১৯৭২	সংবিধানের খসড়া গণপরিষদে উত্থাপন করা হয়।
৪ নভেম্বর, ১৯৭২	➢ খসড়া সংবিধান গণপরিষদ কর্তৃক গৃহীত হয়। ➢ সংবিধান দিবস ৪ নভেম্বর পালিত হয়। ➢ বাংলা ১৮ই কার্তিক, ১৩৭৯ বঙ্গাব্দ।
১৪ ও ১৫ ডিসেম্বর, ১৯৭২	➢ গণপরিষদের সদস্যগণ খসড়া সংবিধানে স্বাক্ষর করেন। ➢ প্রথম স্বাক্ষর করেন শেখ মজিবুর রহমান।
১৬ ডিসেম্বর, ১৯৭২	সংবিধান কার্যকর ও গণপরিষদ বিলুপ্ত ঘোষণা করা হয়।

সংবিধান ও গণপরিষদ সংশ্লিষ্ট ব্যক্তিত্ব [*****]

ব্যক্তির নাম	সম্পাদিত কর্ম
রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরী	গণপরিষদের আদেশ জারি করেন
শেখ মুজিবুর রহমান	গণপরিষদের প্রধানমন্ত্রী ও সংসদ নেতা
ড. কামাল হোসেন	সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি ও রূপকার
মাওলানা আব্দুর রশিদ তর্কবাগীশ	গণপরিষদের প্রথম অধিবেশনের সভাপতি
শাহ আব্দুল হামিদ	প্রথম অধিবেশনে স্পিকার
মোহাম্মদ উল্লাহ	➢ প্রথম অধিবেশনে ডেপুটি স্পিকার ➢ জাতীয় সংসদের প্রথম স্পিকার
রাজিয়া আক্তার বানু	সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য
সুরঞ্জিত সেনগুপ্ত	➢ একমাত্র বিরোধীদলীয় সদস্য ➢ হস্তলিখিত সংবিধানে স্বাক্ষর করেননি।
এ.কে.এম আব্দুর রউফ	হস্তলিখিত সংবিধানের লেখক
ড. আনিসুজ্জামান	সংবিধান পর্যালোচনার ভাষা বিশেষজ্ঞ
আই গাথরি	সংবিধান রচনা কমিটির বিদেশি বিশেষজ্ঞ

বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ অনুযায়ী উপজাতি (Tribe) এর নেতিবাচকতা এড়াতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নামকরণ করা হয়। বাংলাদেশে বর্তমান ৫০টি জাতিসত্তার বসবাস আছে। সবচেয়ে বেশি বসবাস পার্বত্য চট্টগ্রামে **১১** টি। জনসংখ্যার ভিত্তিতে বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা ও মারমা (২য়) আর সবচেয়ে কম ভিল উপজাতির (৯৫ জন)। বৌদ্ধ ধর্মের অনুসারী চাকমা, মারমা, খুমি, তঞ্চঙ্গ্যা, রাখাইন; খ্রিস্টান ধর্মের অনুসারী লুসাই, খাসিয়া এবং গারো। সনাতনে বিশ্বাসী ত্রিপুরা, হাজং, পাংখোয়া। মুসলমান উপজাতি পাঙন ও লাগোয়া। মাতৃতান্ত্রিক পরিবার ব্যবস্থা- গারো ও খাসিয়াদের।

অঞ্চলভিত্তিক উপজাতি [*****]

চাকমা (চাঙমা)	রাঙ্গামাটি (প্রধান আবাসস্থল), খাগড়াছড়ি, বান্দরবান, কক্সবাজার
মারমা	খাগড়াছড়ি, বান্দরবান (প্রধান আবাসস্থল), রাঙ্গামাটি
সাঁওতাল	রংপুর ও রাজশাহী বিভাগে (প্রধান আবাসস্থল), দিনাজপুর, চাপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, বগুড়া
ম্রো/মুরং (মারুসা)	বান্দরবান (চিম্বুক পাহাড়ের পাদদেশে)। ***(অশসনে এগুলো না থাকলে মারমা দিবেন)।***
টিপরা (ত্রিপুরা)	খাগড়াছড়ি (প্রধান আবাসস্থল), রাঙ্গামাটি, বান্দরবান, সিলেট, কুমিল্লা, নোয়াখালী ও চট্টগ্রাম
তঞ্চঙ্গা	রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার
লুসাই/বনজোগী	রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান
পাংখোয়া	বান্দরবান, রাঙ্গামাটি
চাক/খুমি	বান্দরবান
খিয়াং	রাঙ্গামাটি, বান্দরবান ও চট্টগ্রাম
মণিপুরি	মৌলভীবাজার (প্রধান আবাসস্থল), সিলেট, সুনামগঞ্জ ও হবিগঞ্জ
শবর	মৌলভীবাজার ও সিলেট
মুন্ডা	সিলেট (চা বাগান), যশোর ও খুলনা
গারো (মান্দি)	ময়মনসিংহ (প্রধান আবাসস্থল), শেরপুর, নেত্রকোণা, টাঙ্গাইল, জামালপুর, সুনামগঞ্জ, সিলেট ও গাজীপুর
খাসিয়া (খাসি)	সিলেট (জৈন্তিকা পাহাড়), সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার
হাজং,হদি/হাদুই	ময়মনসিংহ (হাজংদের প্রধান আবাসস্থল), নেত্রকোনা ও শেরপুর।
কোচ	শেরপুরে (প্রধান আবাসস্থল), ময়মনসিংহ, গাজীপুর ও টাঙ্গাইলের বরেন্দ্র পাহাড়ি এলাকায়
রাখাইন/মগ	পটুয়াখালী, কক্সবাজার
কুকি	কক্সবাজার
রাজবংশী	রংপুর, দিনাজপুর, রাজশাহী, বগুড়া ও ময়মনসিংহ
ওরাওঁ	রংপুর, দিনাজপুর, রাজশাহী ও বগুড়া
কোল	চাপাইনবাবগঞ্জ, রাজশাহী
বাওয়ালি	সুন্দরবনের গোলপাতা সংগ্রহকারী
পাঙ্গন/লাউয়া	মুসলমান উপজাতি

চাকুরী পরিক্ষা ও ভর্তি পরিক্ষার গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ

১. বাংলাদেশের হাজং নৃ-গোষ্ঠির বাস কোথায়? [ঢাবি: (খ ইউনিট): ২০২২-২৩)]

ক. নেত্রকোনা খ. সিলেট গ. রংপুর ঘ. বান্দরবান

২. ওরাওঁ জনগোষ্ঠী কোন অঞ্চলে বসবাস করে? [৪৩তম বিসিএস-২০২১]

ক. রাজশাহী-দিনাজপুর খ. বরগুনা-পটুয়াখালী গ. রাঙামাটি-বান্দরবান ঘ. সিলেট-হবিগঞ্জ

৩. গারো উপজাতি কোন জেলায় বাস করে? [৪০ BCS]

ক. পার্বত্য চট্টগ্রাম খ. সিলেট গ. ময়মনসিংহ ঘ. টাঙ্গাইল

৪. বাংলাদেশে বসবাসকারী কোন উপজাতিরা মুসলমান? [৩৬ BCS/রাবি-দর্শন, ০৭-০৮, জবি খ ১৩-১৪]

ক. রাখাইন খ. মারমা গ. পাঙন ঘ. খিয়াং

দক্ষিণ এশিয়া

দক্ষিণ এশিয়া হল এশিয়ার দক্ষিণাঞ্চল, বর্তমানে এই অঞ্চলটি আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা এবং মালদ্বীপ নিয়ে গঠিত। ভৌগোলিকভাবে এটি ভারতীয় প্লেটে অবস্থিত এবং এর দক্ষিণে ভারত মহাসাগর এবং উত্তরে হিমালয়, কারাকোরাম ও পামির পর্বত। দক্ষিণ এশিয়া নামটি মূলত ব্রিটিশ রাজ্যের প্রশাসনিক সীমানা থেকে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত। ১৮৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত ব্রিটিশ সাম্রাজ্যের মূল অঞ্চল ছিল এই দক্ষিণ এশিয়া।

দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
বাংলাদেশ	ঢাকা	টাকা	**আফগানিস্তান**	কাবুল	আফগানি
ভারত	নয়াদিল্লি	রুপি	**নেপাল**	কাঠমুন্ডু	রুপি
ভুটান	থিম্পু	গুলট্রাম	**মালদ্বীপ**	মালে	রুপিয়া
শ্রীলংকা	জয়াবর্ধনেকোটে	রুপি	**পাকিস্তান**	ইসলামাবাদ	রুপি

ভারত

ভারত দক্ষিণ এশিয়ার একটি রাষ্ট্র। ভৌগোলিক আয়তনের বিচারে এটি দক্ষিণ এশিয়ার বৃহত্তম এবং বিশ্বের সপ্তম বৃহত্তম রাষ্ট্র। ভারতের সীমান্তবর্তী দেশের সংখ্যা ৭টি যথা; বাংলাদেশ, মিয়ানমার, নেপাল, ভুটান, পাকিস্তান, চীন ও আফগানিস্তান। ১৯৪৭ খ্রিষ্টাব্দের ১৫ আগস্ট ভারত ডোমিনিয়ন রাষ্ট্র হিসেবে ব্রিটিশ শাসনজাল থেকে মুক্তিলাভ করে । একই সঙ্গে দেশের পূর্ব ও পশ্চিম প্রান্তের মুসলমান-অধ্যুষিত অঞ্চলগুলি লাহোর প্রস্তাবের ভিত্তিতে বিভক্ত হয়ে গঠন করে পাকিস্তান রাষ্ট্র। ১৯৫০ সালের ২৬ জানুয়ারি নতুন সংবিধান প্রবর্তনের মধ্য দিয়ে ভারত বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক প্রজাতন্ত্রে পরিণত হয়। বর্তমানে ভারত দ্বিকক্ষবিশিষ্ট সংসদ ওয়েস্টমিনিস্টার-ধাঁচের 'আধা-যুক্তরাষ্ট্রীয়' সংসদ সরকার ব্যবস্থা বিদ্যমান আছে।

রাষ্ট্রীয় নাম	রাজধানী	ভাষা	মুদ্রা
Republic of India	নয়াদিল্লি	হিন্দি, ইংলিশ	রুপি

- ☑ দক্ষিণ এশিয়ায় আয়তনে ও পৃথিবীর জনসংখ্যায় বৃহত্তম দেশ - ভারত।
- ☑ পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ ও বৃহত্তম সংবিধান আছে- ভারতের।
- ☑ ভারতের রাজধানী কলকাতা থেকে নয়াদিল্লিতে স্থানান্তরিত করা হয়- ১৯১২।
- ☑ ভারতের পার্লামেন্ট হচ্ছে -দ্বিকক্ষবিশিষ্ট; উচ্চকক্ষ- রাজ্যসভা, নিম্নকক্ষ- লোকসভা।
- ☑ ভারতের পশ্চিমবঙ্গের রাজ্যসভার নাম- বিধানসভা।
- ☑ ভারতের লোকসভা মোট আসন- ৫৪৫ টি - ৫৪৩ টি নির্বাচিত, ২ টি সংরক্ষিত।
- ☑ ভারতের রাজ্যসভার প্রতিনিধি- ২৪৫টি (নির্বাচিত আসন- ২৩৩ জন)
- ☑ ভারতে প্রথম লোকসভা গঠিত হয়- ১৯৫২ সালে।
- ☑ ভারতের বিখ্যাত 'আনন্দ ভাবনটি' অবস্থিত- এলহাবাদে।
- ☑ ভারতের গোলযোগপূর্ণ "অনন্তবার্গ শহরটি" কাশ্মীরে অবস্থিত।
- ☑ ভারতের রাজস্থানের জয়শলমারী শহরকে- গোল্ডসিটি বা স্বর্ণ শহর বলা হয়।
- ☑ ভারতের বিখ্যাত 'তিনমূর্তি ভবনটি' নয়াদিল্লিতে অবস্থিত।
- ☑ ব্ল্যাক ক্যাট- হচ্ছে ভারতের কমান্ডো বাহিনী।
- ☑ সরোজিনী নাইডু (প্রথম মহিলা গভর্নর) ভারতীয় কোকিল বা দ্য নাইটেঙ্গেল অব ইন্ডিয়া নামে পরিচিত।
- ☑ ভারতের নিরাপত্তা বাহিনী মণিপুরে যে অভিযান চালায় তাকে- অপারেশন ব্লু বার্ড বলে।
- ☑ ভারত ও বাংলাদেশের মধ্যে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি চুক্তি স্বাক্ষরিত হয়- ১৯৯৬ সালের ১২ ডিসেম্বর।
- ☑ পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম চাঁদের দক্ষিণ মেরু জয় করে ভারতের চন্দ্রযান-৩ (২৩ আগস্ট, ২০২৩)

ভারত-পাকিস্তান যুদ্ধ (India-Pakistan War)

প্রথম যুদ্ধ (১৯৪৭-৪৯)	▪ **যুদ্ধ বিরতি কার্যকর:** ০১ জানুয়ারি, ১৯৪৯ সাল ▪ যুদ্ধ বন্ধে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পাস হওয়া রেজুল্যেশনের মাধ্যমে **Line of Control** বা নিয়ন্ত্রণ রেখা কার্যকর হয়। ▪ **ভারতের নিয়ন্ত্রণে:** কাশ্মীর উপত্যকা, জম্মু ও লাদাখ। ▪ **পাকিস্তানের নিয়ন্ত্রণে:** আজাদ কাশ্মির এবং গিলগিট, বালতিস্তান (ঝিলঝিট বালতিস্তান)
দ্বিতীয় যুদ্ধ (১৯৬৫-৬৬)	▪ **অস্ত্রবিরতি কার্যকর:** ১০ জানুয়ারি, ১৯৬৬ (তাসখন্দ চুক্তির মাধ্যমে) ▪ **স্বাক্ষরিত হয়:** তাসখন্দ, উজবেকিস্তান (মধ্যস্থতা: সোভিয়েত ইউনিয়ন/রাশিয়া) ▪ **স্বাক্ষর করেন:** ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী, পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান
তৃতীয় যুদ্ধ (০৩ ডিসেম্বর, ১৯৭১)	▪ বাংলাদেশকে কেন্দ্র করে প্রথম যুদ্ধ ঘোষণা করে ভারত। ▪ **সমাপ্তি:** ০২ জুলাই, ১৯৭২ সালে সিমলা চুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে ৯৩ হাজার যুদ্ধবন্দি হস্তান্তরে এটির সমাধান হয়।
চতুর্থ যুদ্ধ (১৯৯৯)	▪ **অন্য নাম:** কারগিল যুদ্ধ ▪ **মধ্যস্থতা করেন-** রাশিয়া ও আমেরিকা

চীন-ভারত যুদ্ধ - ১৯৬২

বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ আকসাই চীন, তিব্বত উপত্যকা ও চীনের জিনজিয়াং প্রদেশের মাঝে অবস্থিত একটি সুউচ্চ মরুভূমি। 'জনসন লাইন' এর মাধ্যমে আকসাই চীনকে লাদাখের অন্তর্ভুক্ত করা হয় ১৮৬৫ সালে। ১৯১৪ সালে 'ম্যাকমোহন লাইনের মাধ্যমে ভারতের ও তিব্বতের মধ্যে সীমানা টানা হয়। এতে অরুণাচল ভারতের অন্তর্ভুক্ত হয় কিন্তু চীন অরুণাচলকে দক্ষিণ তিব্বত হিসেবে মনে করে। ১৯৫১ সালে চীন তিব্বত অধিগ্রহণ করে। ১৯৫৯ সালে তিব্বতের সর্বোচ্চ ধর্মীয় নেতা চতুর্দশ দালাইলামা চীনের বিরুদ্ধে এক ব্যর্থ অভ্যুত্থান করে ভারতে পালিয়ে এসে রাজনৈতিক আশ্রয় নেয়। এতে চীন ও ভারতের মধ্যে রাজনৈতিক সম্পর্কের অবনতি হয়। ১৯৬২ সালে চীন ভারত আক্রমণ করলে আকসাই চীন ও অরুণাচল প্রদেশে চীনা People's Liberation Army প্রবেশ করে এবং চীন এ যুদ্ধে জয়লাভ করে। পরবর্তীতে অরুণাচল প্রদেশ ভারতকে ফিরিয়ে দেয়। তবে এখনো ভারতের অরুনাচল রাজ্যটির একাংশ দাবি করে চীন। আকসাই চীন আর লাদাখের মধ্যবর্তী গালওয়ান উপত্যকায় দুই দেশের সীমানা চিহ্নিত হয় Line of Actual Control (প্রকৃত নিয়ন্ত্রণরেখা) দ্বারা। ১৯৬৩ সালে পাকিস্তান চীনকে ছেড়ে দেয় কাশ্মীরের ট্রান্স কারাকোরাম অঞ্চলটি।

ভারতের বিখ্যাত ব্যক্তিবর্গ

প্রথম মুসলিম রাষ্ট্রপতি	ড. জাকির হোসেন (৩য়)	প্রথম শিখ প্রধানমন্ত্রী	ড. মনমোহন সিং
প্রথম রাষ্ট্রপতি ছিলেন	ড. রাজেন্দ্র প্রসাদ	প্রথম মহিলা রাষ্ট্রপতি	প্রতিভা পাতিল
স্বাধীন ভারতের প্রথম গভর্নর	লর্ড মাউন্ট ব্যাটেন	প্রথম মহিলা প্রধানমন্ত্রী	ইন্দিরা গান্ধী (লৌহ মানবী)

মহাত্মা গান্ধী

ভারতের জাতির জনক ও অহিংস আন্দোলনের প্রবক্তা। তাঁর জন্ম তারিখ ২ অক্টোবরে পালিত হয় 'আন্তর্জাতিক অহিংস দিবস'। প্রকৃত নাম- মোহনদাস করমচাঁদ গান্ধী 'মহাত্মা' উপাধি দেন রবীন্দ্রনাথ ঠাকুর। সত্যাগ্রহ আন্দোলন শুরু করেন- ১৯০৬ সালে। তিনি কখনোই রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত হননি। ১৯৪৮ সালে 'নথুরাম গডসে' নামক এক সন্ত্রাসী হিন্দু আততায়ীর গুলিতে নিহত হন।

- গান্ধী আশ্রম অবস্থিত- নোয়াখালী জেলায়।
- মহাত্মা গান্ধী সম্পাদিত পত্রিকার নাম- ' দ্যা ইন্ডিয়ান অপিনিয়ন'।
- 'মাহাত্মা গান্ধী' ১৯১৭ সালে রাজনীতিতে প্রবেশ করেন- দক্ষিন আফ্রিকায়।
- কংগ্রেস এর সভাপতি নির্বাচিত হন- ১৯২১ সালে।

- গ্রিসের উচ্চতম পর্বতের নাম- মাউন্ট অলিম্পাস।
- গ্রীসের প্রাচীন উল্লেখযোগ্য দার্শনিক ছিলেন- সক্রেটিস, প্লেটো এবং এরিস্টটল।
- 'ফিলোসফি' শব্দটি প্রথম ব্যবহার করেন গ্রিক গণিতজ্ঞ- পিথাগোরাস।
- বাংলাদেশে একমাত্র গ্রীক সমাধি রয়েছে- ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বরে।
- গণতন্ত্রের সূতিকাগার/আতুরঘর বলা হয়- গ্রিসকে পৃথিবীর মানচিত্র প্রথম অঙ্কন করেন- গ্রিকরা।
- জলপাই গাছের দেশ বলা হয়- গ্রীসকে। অলিম্পিকের দেশ হিসেবে খ্যাত- গ্রীস।

গ্রিসের বিখ্যাত ব্যক্তিবর্গ

SPAA [S= সক্রেটিস, P= প্লেটো, A= এরিস্টটল, A= আলেকজান্ডোর]

সক্রেটিস



- দর্শনের জনক ও জ্ঞানের পিতা হিসেবে সমাদৃত।
- গ্রিক সভ্যতায় যুক্তিবাদী দার্শনিকদের বলা হত- সোফিস্ট।
- বিখ্যাত উক্তি-
  - Know thyself /We want justice
  - An unexamined life is not worth living
- 'হেমলক' নামক বিষপানে তাকে হত্যা করা হয় ।

প্লেটো



- আদর্শ রাষ্ট্রের ধারণার প্রবর্তক ।
- তার প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান- **অ্যাকাডেমি**
- বিখ্যাত গ্রন্থ- **রিপাবলিক, ডায়ালগস, স্টেইটম্যান**
- **সদগুণ বলতে**- প্রজ্ঞা, সাহস আত্মনিয়ন্ত্রণ ও ন্যায়কে বুঝিয়েছেন।
- **উক্তি:** শাসক যদি হয় ন্যায়পরায়ণ আইন অনাবশ্যক, শাসক যদি হয় দুর্নীতি পরায়ণ আইন নিরর্থক

এরিস্টটল



- রাষ্ট্রবিজ্ঞান, প্রাণিবিদ্যা, নীতিবিদ্যা, যুক্তিবিদ্যা ও জীববিদ্যার জনক।
- সর্বপ্রথম যৌক্তিক ধারণার প্রবর্তন করেন- এরিস্টটল।
- প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান- **লাইসিয়াম**
- বিখ্যাত গ্রন্থ- পলিটিকস, ইথিকস্, লজিক ও রেটোরিক
- **উক্তি:** মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব/আইন হল পক্ষপাতহীন যুক্তি
- Golden Mean (সুবর্ণ মধ্যক) হচ্ছে দুটি চরম পন্থার মধ্যবর্তী অবস্থান

আলেকজান্ডার

- আলেকজান্ডার মেসিডোনিয়ার ছিলেন। তার সেনাপতি- সেলুকাস
- মাত্র ২০ বছর বয়সে তিনি সিংহাসনে বসেন।
- খ্রিষ্টপূর্ব ৩২৭ অব্দে ভারতবর্ষ আক্রমণ করে দখল করেন।
- তিনি তার সাম্রাজ্যের রাজধানী স্থাপন করেন- ব্যাবিলনে।
- **সমাধি:** মৃত্যু হয় ইরাকে তবে সমাধি আলেকজান্দ্রিয়া (মিশরে)।

মহাকবি হোমার



- হোমার গ্রীসের অন্ধ মহাকবি।
- ***'ইলিয়াট' ও 'ওডেসি'*** তার দু'টি মহাকাব্য।
- বিখ্যাত উক্তি-
  - **"প্রতিটি দুঃখী আত্মা সততার প্রতীক"**
  - **"অসৎ আনন্দের চেয়ে পবিত্র বেদনা ভালো"**

- অপেরার প্রথম প্রচলন হয়- ইতালিতে।
- ফ্যাসিবাদের প্রবক্তা বেনিত মুসোলিনী ছিলেন ইতালির প্রধানমন্ত্রী।
- মুসোলিনীর রাজনৈতিক দলের নাম ছিল 'ন্যাশনাল ফ্যাসিস্ট পার্টি'।
- ভূমধ্যসাগরে অবস্থিত ইতালির বিখ্যাত দ্বীপ- **সিসিলি, সার্ডিনিয়া ও কর্সিকা।**
- ইতালির ভেতরে রোমের পাশে ভ্যাটিকান সিটি ও স্যান ম্যারিনো নামে স্বাধীন রাষ্ট্র রয়েছে।
- মানচিত্রে ইতালির আকৃতি অনেকটা বুট জুতোর মতো দেখায়। ইউরোপের বুট বলা হয়- ইতালিকে।
- ইতালিতে রেনেসাঁ আন্দোলনের সূত্রপাত হয়- চতুর্দশ শতাব্দীতে ফ্লোরেন্স নগরীতে।
- ইতালির চিত্রশিল্পী, ভাস্কর ও কবি মাইকেল অ্যাঞ্জেলোকে 'রেনেসাঁ মানব' বলা হয়।

ইতালির বিখ্যাত ব্যক্তিত্ব

মাইকেল এঞ্জেলা

- ইতালির কবি, ভাস্কর এবং চিত্রশিল্পী
- বিখ্যাত চিত্রকর্ম-
  - ***Madonna of the Steps***
  - ***David***
  - ***The creation of Adam***
  - ***Madonna of Bruges,***
  - ***The Deposition***
- তিনি রেনেসাঁ ম্যান হিসেবে পরিচিত।

লিওনার্দো দ্য ভিঞ্চি

- ইতালির রেনেসাঁর সর্বশ্রেষ্ঠ পুরুষ
- তিনি ছিলেন একাধারে চিত্রশিল্পী, ভাস্কর, অঙ্কশাস্ত্রবিদ, বিজ্ঞানী ও দার্শনিক।
- উড়োজাহাজের প্রথম নক্সা অঙ্কন করেছিলেন।

- ***দ্য লাস্টসাপার***
- ***মোনালিসা*** ⟶
- ***ভার্জিন অব দ্য রকস***

বেনিটো মুসোলিনী

- ইতালির ফ্যাসিস্ট রাষ্ট্রপ্রধান।
- হিটলারের বন্ধু ও সহযোগী।
- তিনি ফ্যাসিবাদের প্রবক্তা।
- বিখ্যাত উক্তি **'এককালীন শান্তিও সম্ভব নয়, সংগতও নয়'।**
- **তার বিখ্যাত গ্রন্থ-**
  - ***Prisoners Notebook***

গ্যালেলিও গ্যালিলাই



- পৃথিবী বিখ্যাত বিজ্ঞানী।
- আধুনিক জ্যোতির্বিজ্ঞানের প্রাণপুরুষ।
- টেলিস্কোপ বা দূরবীক্ষণ যন্ত্রের আবিষ্কারক।

সভ্যতার উত্তরণ

গ্রিক সভ্যতা

- গণতন্ত্রের সূতিকাগার হিসেবে পরিচিত গ্রিক সভ্যতা।
- প্রথম নগররাষ্ট্র ছিল গ্রীসের এথেন্স ও স্পার্টা।
- প্রাচীন অলিম্পিক প্রতিযোগিতার সূচনা হয়- গ্রীসে।
- পৃথিবীর প্রথম মানচিত্র অংকন করেন- গ্রীক বিজ্ঞানীরা।
- প্রাচীন গ্রীসে নগর রাষ্ট্র ছিল ১৫৮ টি।
- নদীর তীরে গড়ে ওঠেনি- গ্রীক, রোমান ও হিব্রু সভ্যতা।
- 'এরিস্টটল '*লাইসিয়াম*' নামে শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করেন।
- সক্রেটিসকে হেমলক নামক বিষ প্রয়োগে হত্যা করা হয়।
- *Republic* প্লেটোর বিখ্যাত গ্রন্থ।
- ভৌগোলিক সংস্কৃতির কারণে গ্রিক সভ্যতার সাথে জড়িত-হেলেনিক ও হেলেনিস্টিক সংস্কৃতি।

মিশরীয় সভ্যতা

- মিশরীয় সভ্যতা গড়ে উঠেছে- নীল নদের তীরে।
- মিশরকে নীল নদের দান বলে অভিহিত করেছেন- হেরোডোটাস।
- খুফুর পাথরের তৈরি সিংহমূর্তি- স্ফিংস।
- ১২ মাসে ১ বৎসর, ৩০ দিনে ১ মাস গণনারীতি চালু।
- প্রাচীন মিশরীয় রাজাদের বলা হত- ফারাও।
- নীল নদের দেবতার নাম ছিল- ওসিরিস।
- প্রাচীন মিশরীয় সমাজ ছিল- মাতৃতান্ত্রিক ।
- মিশরীয়দের লিখন পদ্ধতির নাম- হায়ারোগ্লিফিকস।
- মিসরীয়রা প্যাপিরাস নামক এক প্রকার গাছ দিয়ে লিখত।
- পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ- পিরামিড।
- ক্লিওপেট্রা ছিলেন মিশরের রাণী।
- ইতিহাসের শ্রেষ্ঠ নির্মাতা বলা হয়- মিশরীয়দের।

মেসোপটেমিয়া সভ্যতা

- অবস্থান- ইরাক ও সিরিয়া।
- সভ্যতার সূতিকাগার বলে পরিচিত।
- গড়ে উঠেছিল দজলা ও ফোরাত নদীর তীরে ।
- দজলা ও ফোরাত নদীর বর্তমান নাম যথাক্রমে টাইগ্রিস ইউফ্রেটিস।
- **মেসোপটেমিয়া সভ্যতার পর্যায় ছিল ৪ টি; যথা- সুমেরীয়, অ্যাসেরীয়, ব্যবিলনীয় ও ক্যালেডীয় সভ্যতা।**

সুমেরীয় সভ্যতা

- ✪ মেসোপটেমিয়ার অন্তর্ভুক্ত প্রাচীনতম সভ্যতা নাম- সুমেরীয় সভ্যতা। বর্তমান অবস্থান- ইরাক।
- ✪ কিউনিফর্ম হচ্ছে- সুমেরীয়দের লিখন পদ্ধতি, কিউনিফর্ম লিপিতে ছিল- ৩৯টি বর্ণ।
- ✪ পাটিগণিতের গুণ- পদ্ধতির আবিষ্কার করে সুমেরীয়রা।
- ✪ সুমেরীয় সভ্যতার সবচেয়ে বড় অবদান- চাকা আবিষ্কার।
- ✪ 'গিলগামেশ' নামে প্রথম মহাকাব্য রচনা সুমেরীয়রা।
- ✪ সুমেরীয় ধর্মে মন্দিরকে বলা হতো- জিগুরাত।

অ্যাসেরীয় সভ্যতা

- যুদ্ধে সর্বপ্রথম লোহার অস্ত্র ব্যবহার ।
- ইতিহাসে অ্যাসেরীয়রা সামরিক রাষ্ট্র হিসাবে পরিচিত।
- সর্বপ্রথম পৃথিবীকে অক্ষাংশে ও দ্রাঘিমাংশে ভাগ করেন-অ্যাসেরীয়রা।
- ৩৬০° ডিগ্রীতে বৃত্ত আবিষ্কার করে- অ্যাসেরীয়রা।
- পৃথিবীর ইতিহাসে অ্যাসেরীয় সভ্যতার লোকেরা প্রথম গোলন্দাজ বাহিনী গঠন করে।

ব্যাবিলনীয় সভ্যতা

- ❖ ব্যাবিলন ইরাকে অবস্থিত।
- ❖ ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি- আমেরাইট নেতা হাম্মুরাবী।
- ❖ পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম আইন প্রণয়ন করেন- রাজা হাম্মুরাবী। হাম্মুরাবীর সময়কালকে স্বর্ণ যুগ বলা হত।
- ❖ ব্যাবিলনের শূন্য বা ঝুলন্ত উদ্যান- ইরাকে অবস্থিত।
- ❖ 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' গড়ে তুলেছিলেন সম্রাট- নেবুচাদ নেজার।
- ❖ সর্বপ্রথম পঞ্জিকার প্রচলন হয় ব্যাবিলনীয় সভ্যতায়।
- ❖ ব্যাবিলনীয়দের প্রধান দেবতার নাম- মারডক।
- ❖ পৃথিবীর প্রাচীনতম মানচিত্র আবিষ্কৃত হয় ব্যাবিলন শহরের- গাথুর ধ্বংসাবশেষ থেকে।

ক্যালেডীয় সভ্যতা

- বর্তমান অবস্থান- ইরাক।
- রাজা নেবুচাদ নেজার কর্তৃক ব্যবিলনের শূন্য/ঝুলন্ত উদ্যান তৈরি।
- ৭ দিনে সপ্তাহ গণনা শুরু করেন- ক্যালেডীয়রা।
- প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় ভাগ করে ক্যালেডীয়রা।
- সর্বপ্রথম ১২ নক্ষত্র পুঞ্জের সন্ধান পান- ক্যালডীয়রা।
- ক্যালেডীয় দের প্রধান দেবতা জুপিটার।
- ধাতব মুদ্রার আবিষ্কার হয়- ক্যালেডীয় সভ্যতায়।
- ক্যালেডীয় সভ্যতার অপর নাম- নতুন ব্যাবিলনীয় সভ্যতা।



বিশ্বযুদ্ধ

প্রথম বিশ্বযুদ্ধ (Great War)

প্রথম বিশ্বযুদ্ধের প্রেক্ষাপট

জার্মান দার্শনিক ফ্রেডরিক হেগেলের প্রভাবে জার্মান ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলো একত্রীকরণ ও জাতীয়তাবাদের প্রচেষ্টা শুরু হয় উনবিংশ শতাব্দীতে। তৎকালীন জার্মান রাজ্যগুলোর মধ্যে সবচেয়ে সামরিক শক্তিধর ছিল প্রুশিয়া। প্রুশিয়ার নেতৃত্বে অটোভন বিসমার্ক রক্ত ও লৌহ (Blood and Iron) নীতি ঘোষণার ফলশ্রুতিতে ১৮৭১ খ্রিষ্টাব্দে জার্মান সাম্রাজ্য গঠিত এবং চ্যান্সেলর (Chancellor) পদে বসেন বিসমার্ক। জার্মানির সরকার প্রধান চ্যান্সেলর যা প্রধানমন্ত্রীর সমতুল্য। আধুনিক ইউরোপীয় কল্যাণ রাষ্ট্রের ভিত্তি রচনা করেন বিসমার্ক ফলে তার 'মিত্রতার নতুন কূটনীতি' -এর সাথে তৎকালীন জার্মানির সম্রাট (কাইজার) দ্বিতীয় উইলিয়ামের সঙ্গে তীব্র মতভেদ ঘটলে ১৮৯০ সালে বিসমার্ক পদত্যাগ করেন। বিসমার্কের পতনের ফলে দ্বিতীয় উইলিয়াম সার্বভৌম ক্ষমতার এককে পরিণত হয় এবং ব্যাপক সাম্রাজ্য বিস্তার শুরু করেন। ফলশ্রুতিতে সাম্রাজ্যবাদী ব্রিটেনের সাথে জার্মানির সংঘাত অনিবার্য হয়ে ওঠে।

চাকুরী পরিক্ষা ও ভর্তি পরিক্ষার গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ

১. দার্শনিক হেগেল কোন দেশের নাগরিক ? [চবি খ (০৯-১০)]

ক. জাপান খ. জার্মানি গ. রাশিয়া ঘ. ইতালি

২. Man of Iron and Iron কাকে বলা হয় ? [রাবি (কঃ ১২-১৩)]

ক. অটোভন বিসমার্ক খ. মহাত্মা গান্ধী গ. হিটলার ঘ. লেলিন

৩. বিসমার্ক যে জন্য বিখ্যাত- [জাবি (গঃ ১৫-১৬)]

ক. ইতালির ঐক্যকরণ খ. জার্মান ঐক্যকরণ গ. সুয়েজ খাল খনন ঘ. সংবিধান প্রণয়ন

৪. কোন দেশের সরকার প্রধানকে চ্যান্সেলর (Chancellor) বলা হয় ? [শ্রম অধিদপ্তর : ০০৬]

ক. জাপান খ. জার্মানি গ. রাশিয়া ঘ. ইতালি

উত্তরপত্র	১. খ	২. ক	৩. খ	৪. খ

বিশ্বযুদ্ধের মূল কারণ

অস্ট্রিয়ার হবু সম্রাট ও সম্রাজ্ঞী, আর্কডিউক ফার্ডিনান্ড এবং সোফিয়া, বসনিয়া সফরে যান। ২৮শে জুন, ১৯১৪ খ্রি. বসনিয়া-হার্জেগোভিনার সারায়েভো শহরে অস্ট্রিয়ার যুবরাজকে হত্যা করে সার্বিয়ার 'ব্লাক হ্যান্ড' সদস্য গ্যাবরিয়েল নামে এক যুবক। জাতি হিসেবে সার্ব হওয়ায় অস্ট্রিয়া সার্বিয়ার থেকে বিচার চায়, সেই সাথে ক্ষতিপূরণ । সার্বিয়া কিছু শর্ত মানলো, কিছু মানলো না। অস্ট্রিয়া ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিলো এবং সময় ফুরিয়ে গেলে অস্ট্রো-হাঙ্গেরি ২৮শে জুলাই সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। অস্ট্রিয়াকে সরাসরি সাহায্য করে জার্মানি। ইউরোপে ২৮ জুলাই, ১৯১৪ থেকে সংঘটিত হওয়া ভয়াবহতা শেষ হয় ১১ নভেম্বর ১৯১৮ সালে জার্মানির আত্মসমর্পণের মাধ্যমে।

অক্ষশক্তি	জার্মানি	অস্ট্রিয়া	হাঙ্গেরি	উসমানীয় সাম্রাজ্য	বুলগেরিয়া	✗
মিত্রশক্তি	যুক্তরাজ্য	যুক্তরাষ্ট্র	ফ্রান্স	রাশিয়া	ইতালি	জাপান

বিশ্বযুদ্ধের অন্যান্য কারণ

- ☑ ১৮৭১ সালে অটো ভন বিসমার্ককের জার্মানির 'মিত্রতার নতুন কূটনীতি'
- ☑ Tripple Alliance (জার্মানি-অস্ট্রহাঙ্গেরি) ও Tripple Entente (ব্রিটেন, ফ্রান্স ও রাশিয়া) এর প্রভাব
- ☑ সার্বিয়ার 'ব্লাক হ্যান্ড' নামক গুপ্ত বাহিনী গঠন করে।
- ☑ খনিজসমৃদ্ধ বলকান অঞ্চলের প্রতি জামার্নি ও ব্রিটেনের লোভ ।
- ☑ ১৯১৭ সালের ৬ এপ্রিল জার্মান নৌ-বাহিনী আটলান্টিক মহাসাগরে মার্কিন জাহাজ 'লুসিতানিয়া'কে ব্রিটিশ জাহাজ মনে করে আক্রমণ করলে উড্রো উইলসন ঐ দিনই জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা।

জাতিসংঘ

জাতিসংঘ (United Nations)

জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন, যার লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা। ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১টি রাষ্ট্র জাতিসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। এটি ১৯২০ সালে প্রতিষ্ঠিত এবং পরবর্তীতে লুপ্ত লীগ অব নেশন্সের (জাতিপুঞ্জ) স্থলাভিষিক্ত হয়। সর্বমোট, ১১ টি সম্মেলনের মধ্য দিয়ে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়েছে।

টু দ্য পয়েন্ট

- ☑ জাতিসংঘ হলো বিশ্বের স্বাধীন দেশসমূহের সর্বোচ্চ- আন্তর্জাতিক সংঘ।
- ☑ জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত- ম্যানহাটন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- ☑ জাতিসংঘের ইউরোপীয় কার্যালয় অবস্থিত জেনেভায় (সুইজারল্যান্ড)।
- ☑ জাতিসংঘ গঠন সংক্রান্ত আটলান্টিক সনদ স্বাক্ষরিত হয়- ১৪ আগস্ট ১৯৪১।
- ☑ জাতিসংঘের নামকরণ করেন মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট (১ জানুয়ারি ১৯৪২)।
- ☑ ১৯৪৫ সালে ৫১তম দেশ হিসেবে জাতিসংঘ সনদে স্বাক্ষর করে- পোল্যান্ড।
- ☑ জাতিসংঘের আয়ের উৎস সদস্য দেশসমূহের চাঁদা, বাজেট ঘোষিত হয় -দু'বছরে একবার।
- ☑ জাতিসংঘের সর্বশেষ ১৯৩ তম সদস্য দেশ দক্ষিণ সুদান।
- ☑ জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষকের সংখ্যা ২ টি–(ভ্যাটিকান ও ফিলিস্তিন)।
- ☑ জাতিসংঘের পতাকা হালকা নীল রঙের মাঝে একটি সাদা বৃত্ত এবং বৃত্তের মাঝখানে প্রতীক ।
- ☑ জাতিসংঘের সদস্য নয় যেসব দেশ- তাইওয়ান, ভ্যাটিকান, কসোভো এবং ফিলিস্তিন।

এক নজরে জাতিসংঘ [*****]

বিষয়	বিবরণ	বিষয়	বিবরণ
জাতিসংঘের প্রস্তাবক	ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট	জনসংখ্যায় ছোট দেশ	মোনাকো
জাতিসংঘের নামকরণ	ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট	আয়তনে ছোট দেশ	টুভ্যালু
কার্যকর তারিখ	২৪ অক্টোবর, ১৯৪৫	স্বাধীন কিন্তু সদস্য নয়	ভ্যাটিকান সিটি, কসোভো
সদর দপ্তর	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র	ইউরোপীয় কার্যালয়	জেনেভা, সুইজারল্যান্ড
স্থায়ী ভেটো ক্ষমতাপ্রাপ্ত	৫টি দেশ	জাতিসংঘ নোবেল পায়	৮ বার
প্রতিষ্ঠাকালীন সদস্য	৫১টি দেশ	জাতিসংঘ শান্তি বিশ্ববিদ্যালয়	কোস্টারিকাতে
৫১তম সদস্য	পোলান্ড	মূল অঙ্গসংগঠন	৬টি
বর্তমান সদস্য	১৯৩টি দেশ	জাতিসংঘ বিশ্ববিদ্যালয়	টোকিও, জাপানে
জাতিসংঘ সনদের রচয়িতা	আর্কিবেল্ড ম্যাকলিস	প্রতীক	জলপাই গাছ

চাকুরী পরিক্ষা ও ভর্তি পরিক্ষার গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ

১. জাতিসংঘ দিবস পালিত হয়- [১১ BCS]

ক. ২৪ অক্টোবর খ. ২৪ আগস্ট গ. ২৪ ডিসেম্বর ঘ. ২৪ নভেম্বর

২. জাতিসংঘের মূলমন্ত্র (Motto) হলো [ঢাবি/বি-৭ ২০১৫-১৬]

ক. এ পৃথিবী আপনার খ. সকলের জন্যে জীবন গ. সমান অধিকার ঘ. শান্তি

৩. নিচের কোনটি জাতিসংঘের সদস্য নয়? [রাবি/এফ-২ ২০১৫-১৬]

ক. ভ্যাটিকান সিটি খ. আফগানিস্তান গ. উত্তর কোরিয়া ঘ. ভিয়েতনাম

বিভিন্ন আঞ্চলিক সংস্থা

SAARC (সার্ক)

SAARC- South Asian Association for Regional Co-operation(সার্ক) হলো দক্ষিণ এশিয়ার আটটি দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক সংগঠন। জনসংখ্যার ভিত্তিতে এটি সর্ববৃহৎ আঞ্চলিক সংগঠন। ১৯৮০ সালে বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান দক্ষিণ এশীয় দেশসমূহের মধ্যে সহযোগিতামূলক বাণিজ্য অঞ্চল গড়ার প্রস্তাব করেন। বাংলাদেশের এ প্রস্তাব গ্রহণ করে ১৯৮১ সালে ভারত, পাকিস্তান ও শ্রীলংকা প্রতিনিধিগণ কলোম্বোতে মিলিত হয়। পরিশেষে, ১৯৮৩ সালে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় অনুষ্ঠিত সম্মেলনে এশিয়ার ৭টি দেশ নিয়ে সার্ক প্রতিষ্ঠিত হয়। সার্কের সহযোগিতার ক্ষেত্র ১৩টি।

প্রধান উদ্দেশ্য- ৫টি	৩. মানব সম্পদ উন্নয়ন
১. যোগাযোগ	৪. স্বাস্থ্য ও জনসংখ্যা কার্যক্রম
২. কৃষি ও পল্লী উন্নয়ন	৫. বিজ্ঞান প্রযুক্তি ও আবহাওয়াবিদ্যা

দক্ষিণ এশিয়ার ৮টি দেশ

সার্কের সদস্য দেশ- ৮টি	বাংলাদেশ	ভারত	পাকিস্তান	শ্রীলংকা
	ভুটান	মালদ্বীপ	নেপাল	আফগানিস্তান

টু দ্য পয়েন্ট



- সার্কের সদরদপ্তর অবস্থিত- কাঠমুন্ডু, নেপাল।
- সর্বশেষ সদস্য আফগানিস্তান (২০০৭)।
- মহাসচিব নির্বাচিত হয় ৩ বছরের জন্য।
- প্রথম চেয়ারম্যান- হোসাইন মোহাম্মদ এরশাদ (বাংলাদেশ)।
- প্রথম মহাসচিব- আবুল আহসান (বাংলাদেশ)।
- প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৮৫ সালে ঢাকায়।
- প্রথম নারী মহাসচিব- ফাতিমা দিয়ানা সাঈদ।
- সার্ক ঘোষিত মীনা দিবস– ৮ ডিসেম্বর।
- সার্কভুক্ত যে দেশের আয়তন প্রায় বাংলাদেশের সমান- নেপাল।
- সার্ক সম্মেলনে যা করা যায়না- দ্বিপাক্ষিক আলোচনা। সার্কের অফিসিয়াল ভাষা: ইংরেজি
- ভাষা: ১০টি। যথা: দোজংখা, সিংহলি, তামিল, নেপালি, হিন্দি, পাঞ্জাবি, পশতু, উর্দু, ধিবেহী ও বাংলা।
- পর্যবেক্ষক: ৯ (দেশ-৮টি ও সংগঠন: ১টি)। যথা: চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, মিয়ানমার, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, ইরান, মরিশাস ও ইউরোপীয় ইউনিয়ন।
- SAARC এর অন্তর্ভুক্ত স্থলবেষ্টিত রাষ্ট্র- ৩টি (নেপাল, আফগানিস্তান, ভুটান)।
- সার্কের সর্বশেষ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়- ২০১৪ সালে; নেপালে। সম্মেলন বন্ধ আছে ২০১৬ সাল থেকে।

এশিয়ার বিশেষ অঞ্চল

সেভেন সিস্টার্স - ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের সাতটি রাজ্যকে সেভেন সিস্টার্স বলা হয়। রাজ্যগুলো হচ্ছে আসাম, ত্রিপুরা মেঘালয়, মণিপুর, মিজোরাম, অরুণাচল, নাগাল্যান্ড।

গোল্ডেন ট্রায়াঙ্গল - মায়ানমার, লাওস ও থাইল্যান্ড সীমান্তে অবস্থিত আফিম মাদক উৎপাদনকারী অঞ্চল ।

গোল্ডেন ক্রিসেন্ট - আফগানিস্তান, পাকিস্তান ও ইরান সীমান্তে অবস্থিত আফিম মাদক উৎপাদনকারী অঞ্চল।

গোল্ডেন ওয়েজ - বাংলাদেশ, ভারত ও নেপাল সীমান্ত যা মাদক পাচার ও চোরা চালানের জন্য বিখ্যাত।

গোল্ডেন ভিলেজ - বাংলাদেশের কুষ্টিয়া জেলার ২৬ টি গ্রামকে গাঁজা উৎপাদনের জন্য গোল্ডেন ভিলেজ বলা হয়।

ইন্দোচীন - লাওস, কম্বোডিয়া ও ভিয়েতনামকে ইন্দোচীন বলা হয়।

থ্রি-টাইগার - জাপান, জার্মানি ও ইতালি।

ফোর টাইগার - দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, সিংগাপুর, হংকং।

সুপার সেভেন- মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড + ফোর টাইগার (দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, সিংগাপুর, হংকং)

ইস্ট এশিয়ান মিরাকল - জাপান + সুপার সেভেন।

পৃথিবীর বিভিন্ন বিশেষ অঞ্চল

মাইক্রোনেশিয়া - নিরক্ষ রেখার নিকটবর্তী দ্বীপ সমূহ এর অন্তর্গত। যথা : ক্যারোলিন দ্বীপসমূহ, মার্শাল দ্বীপপুঞ্জ, কিরিবাতি, নাউরু, ওসিয়াম।

মেলোনেশিয়া - ফিজি, ভানুয়াতু, পাপুয়া নিউগিনি, বিসমার্ক, সলোমন দ্বীপপুঞ্জ, সান্তাক্রুজ দ্বীপপুঞ্জ, নিউক্যালিডোনিয়া, নিউগিনি

পলিনেশিয়া - সমোয়া ট্রুভ্যালু, কুক দ্বীপপুঞ্জ, টোঙ্গা, ইস্টার, তাহিতি

আরব উপদ্বীপের রাষ্ট্রসমূহ - সৌদি আরব, কুয়েত, কাতার সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, ইয়েমেন।

বাল্টিক রাষ্ট্র সমূহ - লিথুনিয়া, লাটভিয়া, এস্তোনিয়া।

বলকান রাষ্ট্র সমূহ - বুলগেরিয়া, রোমানিয়া, আলবেনিয়া, গ্রীস, সার্বিয়া, যুগোস্লাভিয়া, মেসিডোনিয়া, স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া, বসনিয়া ও হার্জেগোভিনা, হাঙ্গেরী।

স্ক্যান্ডিনেভিয়ান দেশ সমূহ - আইসল্যান্ড, সুইডেন, নরওয়ে, ডেনমার্ক, ফিনল্যান্ড।

পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ - বাহামা, কিউবা, হাইথি, ডোমিনিক প্রজাতন্ত্র, গ্রানাডা, বার্বাডোজ, সেন্ট লুসিয়া, জ্যামাইকা, ত্রিনিদাদ ও টোবাগো।

সাবেক সোভিয়েত ইউনিয়ন - ১৯৯১ সালে ডিসেম্বরে সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫ টি রাষ্ট্র গঠিত হয়। রাশিয়া, ইউক্রেন, কাজাকিস্তান, উজবেকিস্তান, বেলারুশ, আজারবাইজান, মলদোভা, জর্জিয়া, লিথুয়ানিয়া, কিরগিজস্তান, তাজাকিস্তান, আর্মেনিয়া, লাটভিয়া, তুর্কমেনিস্তান, এস্তোনিয়া।

সাবেক চেকোশ্লাভিয়া - ১ জানুয়ারি ১৯৯৩ সালে ভেঙ্গে চেক প্রজাতন্ত্র ও শ্লোভাকিয়া নামে দুটি রাষ্ট্রের জন্ম হয়।

সাবেক যুগোশ্লাভিয়া - ১৯৯২ সালে ভেঙ্গে ৬ টি প্রজাতন্ত্র : সার্বিয়া, ক্রোয়েশিয়া, স্লোভেনিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া-হার্জেগোভিনা, মেসিডোনিয়া।

মধ্যপ্রাচ্য - ১৮ টি রাষ্ট্র নিয়ে মধ্যপ্রাচ্য গঠিত। মধ্যপ্রাচ্যের অধিকাংশ আদিবাসী ককেশীয়। আফগানিস্তান, ইরান, ইরাক, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কাতার, ওমান, ইয়েমেন, সৌদি আরব, জর্ডান, সিরিয়া, প্যালেস্টাইন, ইসরাইল, লেবানন, তুরস্ক, সাইপ্রাস ও মিশর দেশগুলো নিয়ে মধ্যপ্রাচ্য গঠিত।

ওরিয়েন্টাল অঞ্চল - ওরিয়েন্ট অর্থ পূর্ব। ওরিয়েন্টাল অঞ্চল বলতে পৃথিবীর পূর্ব অংশের দেশসমূহকে বোঝায়। যথা জাপান, চীন, কোরিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর, হংকং, তাইওয়ান, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, মায়ানমার, বাংলাদেশ, ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কা।

ঘোড়দৌড়	ডেড হিট, ড্রাইভিং, গেইট, হাং, জকি, পান্ট, পান্টার, রাফি, স্টিলচেজ, স্টিক, ইয়াংকি
বিলিয়ার্ডস	ক্যানন, পট, পিরামিড, র‍্যাক, স্কিটল, স্পাইডার, স্পট স্ট্রিং, ব্রিজ, বাউ, কিউবল, ইনবাল্ক
ক্রিকেট	ডাক, বাই, সিলি, পয়েন্ট, গালি, লেগ ব্রেক, ওয়াইড, নেলসন, চায়নাম্যান, ফ্লিক
ভলিবল	রোটেশন, ডাবলিং, ব্যাক জোন, স্পাইকিং, স্ম্যাশ, ডিগপাস, সুইচ, পেটবল
বক্সিং	কাট, হুক, জ্যাব, সেকেন্ডস আউট, র‍্যাবিট পাঞ্চ, কিডনি পাঞ্চ , রিংমাস্টার, রাউন্ড, রিংক্রাফ্ট
কুস্তি	পিন ডাউন, ল্যান্ডলক, ফ্রিস্টাইল, হাফ, নেলসন, ফ্লাই ওয়েট, হিভ, রোমান , রিফার্জ
সাঁতার	বডি রোল, বাটারফ্লাই, গাইড, ফ্রিস্টাইল, ডলফিন কিক, স্প্রিং
সাইক্লিং	বাঞ্চ, ম্যাডিসন রিলে, পারসুইট, অ্যাসলং ব্রেক, সুসেট

অলিম্পিক গেমস

আধুনিক অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতা [Olympic Games] হলো একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা। দুইশতাধিক দেশের অংশগ্রহণে মুখরিত এই অলিম্পিক গেমস বিশ্বের সর্ববৃহৎ এবং সর্বোচ্চ সম্মানজনক প্রতিযোগিতা হিসেবে বিবেচিত হয়ে থাকে। অলিম্পিক গেমস প্রত্যেক চার বছর পর পর অনুষ্ঠিত হয়ে থাকে। এর দুটো প্রকরণ গ্রীষ্ম এবং শীতকালীন প্রতিযোগিতা প্রত্যেক দুই বছর পর পর হয়ে থাকে, যার অর্থ দাঁড়ায় প্রায় প্রত্যেক দুই বছর পর পর অলিম্পিক গেমসের আসর অনুষ্ঠিত হয়। খ্রীষ্টপূর্ব অষ্টম শতাব্দিতে প্রাচীন গ্রীসের অলিম্পিয়া থেকে শুরু হওয়া প্রাচীন অলিম্পিক গেমস থেকেই মূলত আধুনিক অলিম্পিক গেমসের ধারণা জন্মে। ১৮৯৪ সালে ব্যারন পিয়ের দ্য কুবের‍্যাঁ সর্বপ্রথম **Interanational Olympic Committee (IOC)** গঠন করেন এ কারণে ব্যারন পিয়ের দ্য কুবার্তাকে অলিম্পিকের জনক বলা হয়। IOC এর সদর দপ্তর- লুজান, সুইজারল্যান্ড। দাপ্তরিক ভাষা- ইংরেজি ও ফরাসি।



- বিশ্বের সর্ববৃহৎ ক্রীড়া অনুষ্ঠান- অলিম্পিক গেমস।
- প্রাচীন অলিম্পিক শুরু হয়- ৭৭৬ খ্রিষ্টপূর্বে; গ্রিসে।
- আধুনিক অলিম্পিক শুরু হয়- ১৮৯৬ সালে।
- অলিম্পিক পতাকায় বৃত্ত রয়েছে- ৫ টি (ভিন্ন ভিন্ন রংয়ের)।
- ৫ টি বৃত্ত দ্বারা বোঝায়- ৫ টি মহাদেশকে।
- আধুনিক অলিম্পিক এর মূলনীতি- **ক্ষীপ্রতা, উচ্চতা ও শক্তি।**
- অলিম্পিক খেলাকে বলা হয়- Greatest Show on Earth.
- আধুনিক অলিম্পিকের পতাকার পরিকল্পনাকারী ও জনক- ব্যারন পিয়ের দ্য কুবার্তা।
- আধুনিক অলিম্পিকের অপর নাম- গ্রীষ্মকালীন অলিম্পিক।
- অলিম্পিক জাদুঘর অবস্থিত- সুইজারল্যান্ডের লাউসানে।
- আধুনিক অলিম্পিকের প্রথম আসর বসে- ১৮৯৬ সালে; গ্রিসের এথেন্সে।
- অলিম্পিক পতাকা প্রথম উত্তোলন করা হয়- ১৯২০ সালে; এন্টওয়ার্প অলিম্পিকে।
- অলিম্পিকে মহিলাদের প্রথম প্রতিযোগিতার সুযোগ দেয়া হয়- ১৯০০ সালে প্যারিস অলিম্পিকে।
- অলিম্পিকে পুরুষদের সাঁতার প্রতিযোগিতা শুরু হয়- ১৮৯৬ সালে; এথেন্সে।
- আধুনিক অলিম্পিকের সবচেয়ে বেশি আসর বসে- লন্ডনে; ১৯০৮, ১৯৪৮, ২০১২ সালে।
- প্রথম ফুটবল খেলা অলিম্পিকে অন্তর্ভুক্ত হয়- ১৯০০ সালে; প্যারিসে।
- ওয়াটার পলো অলিম্পিকে অন্তর্ভুক্ত হয়- ১৯০০ সালে।
- প্যারা অলিম্পিক আয়োজন করা হয়- প্রতিবন্ধীদের জন্য।
- বিশ্বযুদ্ধের কারণে অলিম্পিক আসর অনুষ্ঠিত হয়নি- **১৯১৬, ১৯৪০ ও ১৯৪৪** সালে।
- বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে- ২৩তম অলিম্পিকে; ১৯৮৪ সালের লস এঞ্জেলস আসরে।
- অলিম্পিক পতাকায় পাঁচ রং - এশিয়া (হলুদ), ইউরোপ (নীল), আফ্রিকা (কালো), আমেরিকা (লাল), ওশেনিয়া (সবুজ) ।